গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
চান্দিনা, কুমিল্লা
www.chandina.comilla.gov.bd

**"দ্বিতীয় বিজ্ঞপ্তি"**

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, এ উপজেলাধীন নিম্নলিখিত হাট-বাজার সমূহ ১৪৩০ বঙ্গাব্দের জন্য ইজারা প্রদানের লক্ষে দরদাতাগনের নিকট হতে সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাচ্ছে। দরপত্র নিম্নবর্ণিত তারিখে সকাল ১০ ঘটিকা হতে বেলা ০১ ঘটিকা পর্যন্ত জেলা প্রশাসক, কুমিল্লা কার্যালয়, পুলিশ সুপার, কুমিল্লা কার্যালয়, উপজেলা নির্বাহী অফিসার, চান্দিনার কার্যালয় ও সহকারী কমিশনার (ভূমি), চান্দিনার কার্যালয়ে রক্ষিত দরপত্র বাক্সে গ্রহণ করা হবে।

হাট-বাজারের দরপত্রের নির্ধারিত ফরম (সিডিউল) জেলা প্রশাসক, কুমিল্লা কার্যালয়, উপজেলা নির্বাহী অফিসার, চান্দিনার কার্যালয়, সহকারী কমিশনার (ভূমি), চান্দিনার কার্যালয়, ভারপ্রাপ্ত কর্মকর্তা, চান্দিনা থানার কার্যালয় ও সোনালী ব্যাংক, চান্দিনা শাখার কার্যালয় হতে আগ্রহী দরদাতাগন দরপত্র দাখিলের পূর্বদিন পর্যন্ত অফিস চলাকালীন সময়ে সংশ্লিষ্ট বাজারের নামের পার্শ্বে উল্লিখিত (অফেরতযোগ্য) মূল্যে ক্রয় করতে পারবেন।

**হাট-বাজারের বিবরণ**

| ক্রম | হাট-বাজারের নাম | যে ইউনিয়নে হাট-বাজারটি অবস্থিত | কাঙ্খিত সরকারী ইজারা মূল্য | দরপত্রের (সিডিউল) মূল্য |
|---|---|---|---|---|
| ০১ | নতুন বাংলা বাজার | মাইজখার | ৯,৭০,২৩৬/- | ২,৬০০/- |
| ০২ | মাধাইয়া বাজার | মাধাইয়া | ৮,৩৭,১১৭/- | ২,৪০০/- |
| ০৩ | মহিচাইল বাজার | মহিচাইল | ৪,০৮,৪১৮/- | ১,৬০০/- |
| ০৪ | কালিয়ারচর বাজার | দোল্লাই নবাবপুর | ২,৫৭,৪৯২/- | ১,২০০/- |
| ০৫ | কাদুটি বাজার | বরকরই | ১,৪৪,০৮২/- | ১,০০০/- |
| ০৬ | কংগাই(দঃ) বাজার | গল্লাই | ৩৫,৪০৪/- | ৫০০/- |
| ০৭ | বাড়েরা বাজার | বাড়েরা | ৭৮,৭৭০/- | ৫০০/- |
| ০৮ | অম্বরপুর বাজার | মহিচাইল | ৬,১২২/- | ৫০০/- |
| ০৯ | বরইয়াকৃষ্ণপুর বাজার | সুহিলপুর | ২০,১৪০/- | ৫০০/- |
| ১০ | কৈলাইন বাজার | জোয়াগ | ২৪,০২৬/- | ৫০০/- |
| ১১ | মোহনপুর বাজার | বাতাঘাসি | ১,৫০০/- | ৫০০/- |
| ১২ | কংগাই (উঃ) বাজার | গল্লাই | ১৫,৫৮২/- | ৫০০/- |
| ১৩ | দারোরা বাজার | গল্লাই | ১৩,০২০/- | ৫০০/- |
| ১৪ | শ্রীমন্তপুর বাজার | বরকইট | ৬,২০১/- | ৫০০/- |
| ১৫ | জোয়াগ (উঃ)বাজার | জোয়াগ | ২,০০০/- | ৫০০/- |
| ১৬ | এতবারপুর বাজার | এতবারপুর | ২,০০০/- | ৫০০/- |
| ১৭ | রত্নাসার দিঘীরপাড় নতুন বাংলা বাজার | জোয়াগ | ১৭,৬৬০/- | ৫০০/- |
| ১৮ | হাড়িখোলা বাজার | কেরণখাল | ১৫০০/-(সম্ভাব্য) | ৫০০/- |
| ১৯ | বল্লারচর বাজার | মাইজখার | ১৫০০/-(সম্ভাব্য) | ৫০০/- |
| ২০ | কর্ণফুলী বাজার | মাইজখার | ১৫০০/-(সম্ভাব্য) | ৫০০/- |

সীলমোহরকৃত দরপত্র দাখিলের সময় সূচী নিম্নরূপ:

| | | |
|---|---|---|
| ২য় বার দরপত্র ফরম (সিডিউল) ক্রয়ের সর্বশেষ তারিখ ও সময়<br>১৪ ফাল্গুন ১৪২৯ বাংলা<br>২৭/০২/২০২৩ইংরেজী | সীলমোহরকৃত দরপত্র দাখিলের তারিখ ও সময়<br>১৫ ফাল্গুন ১৪২৯ বাংলা<br>২৮/০২/২০২৩ইংরেজী<br>বেলা: ১২.০০টা | দরপত্র খোলার সময়<br>২৮/০২/২০২২ইংরেজী<br>বেলা- ০২.০০ ঘটিকা |
| ৩য় বার দরপত্র ফরম (সিডিউল) ক্রয়ের সর্বশেষ তারিখ ও সময়<br>০৫ চৈত্র ১৪২৯ বাংলা<br>১৯/০৩/২০২৩ ইংরেজী | সীলমোহরকৃত দরপত্র দাখিলের তারিখ ও সময়<br>০৬ চৈত্র ১৪২৯ বাংলা<br>২০/০৩/২০২৩ ইংরেজী<br>বেলা: ১২.০০টা | দরপত্র খোলার সময়<br>২০/০৩/২০২৩ ইংরেজী<br>বেলা: ২.০০ঘটিকা |

শর্তাবলীঃ

১। বাংলা ১৪৩০ সনের ১লা বৈশাখ হতে ১৪৩০ বাংলা সনের ৩০শে চৈত্র ০১(এক) বৎসর মেয়াদকালের জন্য হাট-বাজার ইজারা দেয়া হবে।

২। দরপত্র দাতাকে দরপত্রের সহিত দরপত্রে উল্লিখিত দরের ৩০% (শতকরা ত্রিশ ভাগ) অর্থ জামানত হিসেবে যে কোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, চান্দিনার অনুকুলে জমা দিতে হবে। অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকী ৫% অর্থ জামানত হিসেবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট-বাজার নিজ খরচে পরিস্কার না করলে বা অন্য কোন ক্ষতিসাধন করলে উক্ত জামানত হতে তাহা মিটানো হবে। বৎসর সমাপন্তে অব্যবহৃত টাকা জমাকারীর বরাবরে প্রত্যার্পণ করা হবে।

৩। যার দরপত্র গৃহীত হবে, দরপত্র সংবাদ অবহিত হওয়ার ৭(সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লিখিত দরের অবশিষ্ট ৭৫% (পঁচাত্তর ভাগ) অর্থ, মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ৫% আয়কর এবং ১৫% ভ্যাট(মূল্য সংযোজন কর) অবশ্যই একই সংগে পরিশোধ করতে হবে অন্যথায় বাজারের জন্য জমাদানকৃত জামানত বাজেয়াপ্তপূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

৪। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং উক্ত অংক যদি (সরকারী মূল্য) হতে কম হয় তাহা হলে পুনরায় দরপত্র আহবান করা হবে। দ্বিতীয়বার দরপত্র আহবান সত্ত্বেও যদি প্রাপ্ত সর্বোচ্চ দর সরকারি ইজারা মূল্য হতে কম হয় তাহা হলে ইজারা প্রদানের কার্যক্রম কাঙ্খিত ইজারা মূল্য না পাওয়া পর্যন্ত অব্যাহত থাকবে।

৫। এক বাজারের ক্রয়কৃত দরপত্র আরেক বাজারের জন্য দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় অর্ন্তভুক্ত বাজারের দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না।

৬। খামের উপর দরপত্র দাতার নাম, ঠিকানা ও বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

৭। সরকার অনুমোদিত টোল রেইট মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদার নিজ খরচে বাজারের দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট টাংগাইয়া প্রচার করবেন।

৮। প্রত্যেক বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্রদাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।

৯। ইজারাদার কোনক্রমেই হাট-বাজার অন্যের নিকট সাব-লিজ দিতে পারবেন না। যদি অনুরূপ-কোন প্রকার কার্যকলাপ পরিলক্ষিত হয় অথবা চুক্তিপত্রের শর্ত লংঘন করা হয় তাহা হলে ইজারা বাতিল বলে গণ্য হবে।

১০। ইজারাদার সমস্ত অর্থ (ভ্যাট, আয়করসহ) পরিশোধের ৩(তিন) কার্যদিবসের মধ্যে ৩০০/- নন জুডিশিয়াল ষ্টাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করতে হবে।

১১। দুই বা ততোধিক দরপত্র দাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চুড়ান্ত বলে গন্য হবে।

১২। ইজারাদার নিজ খরচে বাজার পরিস্কার-পরিচ্ছন্ন রাখবেন।

১৩। ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিষ্টার সংরক্ষন করবেন।

১৪। কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হবে না।

১৫। নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং দখলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তনপূর্বক বাকী জমাকৃত অর্থ ইজারাদারকে প্রদান করা হবে।

১৬। হাট-বাজারের ইজারার টাকা পরিশোধিত না হলে সরকারী দাবী আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাবে।

১৭। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।


তাপস শীল
উপজেলা নির্বাহী অফিসার
চান্দিনা, কুমিল্লা
☎ ০২৩৩৪৪০৮৭২৮
unochandina@gmail.com


স্মারক নম্বরঃ ০৫.৪২.১৯২৭.০০১.৩১.০০৪.২৩- ২৬৭

তারিখঃ ০৬ ফাল্গুন ১৪২৯
১৭ ফেব্রুয়ারি ২০২৩

**সদয় জ্ঞাতার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ**

০১। অধ্যাপক ডা: প্রান গোপাল দত্ত, মাননীয় সংসদ সদস্য, কুমিল্লা-৭, চান্দিনা
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পলল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৩। জেলা প্রশাসক, কুমিল্লা
০৪। পুলিশ সুপার, কুমিল্লা

**সদয় জ্ঞাতার্থে ও বহুল প্রচারের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ**

০৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চান্দিনা, কুমিল্লা
০৬। উপজেলা নির্বাহী অফিসার -----------------------------কুমিল্লা
০৭। সহকারী কমিশনার (ভূমি ) ,চান্দিনা। বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল।
০৮। মেয়র, চান্দিনা পৌরসভা, চান্দিনা। বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল।
০৯। উপজেলা ---------------------------অফিসার, চান্দিনা
১০। চেয়ারম্যান -------------------------------ইউনিয়ন পরিষদ, চান্দিনা। বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল।
১১। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা -----------------------------------ইউনিয়ন ভূমি অফিস, চান্দিনা। ইজারা বিজ্ঞপ্তিটি বহুল প্রচারক্রমে /০২/২০২৩ তারিখের মধ্যে প্রতিবেদন দাখিল করার জন্য বলা হল।
১২। জনাব ---------------------------------- ইজারাদার, --------------------হাটবাজার (১৪২৭/১৪২৮/১৪২৯ বাংলা সন)
১৩। নোটিশ বোর্ড ------------------------------------------ অফিস।

উপজেলা নির্বাহী অফিসার
চান্দিনা, কুমিল্লা